


Vol. 11 | No. 2 | 1967

Check for updates

# সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

## দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ

| | |
|---|---|
| Volume | 11 |
| Issue | 2 |
| Year | 1967 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | সাইয়েদ আবদুল হাই |
| Published online | December 16, 1967 |
| DOI | 10.62328/sp.v11i2.4 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v11i2.4 |
| Pages | 67-92 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

Check for updates

# দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ

[ মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ এবং উপপদ প্রভৃতির অর্থ, সংজ্ঞা ও ব্যাখ্যা সম্বলিত ]

সাইয়েদ আবদুল হাই

[ প্রথম ( ) - এর মধ্যে বাংলা অক্ষরের শব্দটির উচ্চারণ ও পরের ( ) - এর মধ্যে সংকেতের সাহায্যে শব্দটি দর্শন ও মনোবিদ্যার কোন শাখায় অধিক ব্যবহৃত হয় তাহা দেওয়া হইয়াছে। ]

যু : = যুক্তিবিদ্যা ( Logic )
দ : = সাধারণ দর্শনশাস্ত্র ( General Philosophy )
অর্থাৎ তত্ত্ববিদ্যা (Metaphysics) ও ধীবিদ্যা ( Epistemology )
নী : = নীতিশাস্ত্র ( Ethics )
ম : = মনোবিদ্যা ( Psychology )
সা : বি : = সাধারণ বিজ্ঞান ( General Science )
খ্রী : = খ্রীষ্টাব্দ।
হি : = হিজরী সন।
আ : = আরবী।
উ : = উর্দু।
স : = সংস্কৃত।
চৈ : = চৈনিক।

[ পূর্ব প্রকাশিতের পর ]

## E

Ear ( ইয়ার )—কর্ণ, কান।

সঙ্গীতের বিচারের ক্ষমতা ; মনোযোগ প্রভৃতি অর্থেও ব্যবহৃত হইয়া থাকে।

Eccentric ( এক্‌সেন্‌ট্রিক )—( মঃ ) উদ্ভট ; কেন্দ্রত্যাগী।

Eccentric Projection (—প্রজেকশান্ )—( মঃ ) উদ্ভট অভিক্ষেপ।

সংবেদন ( Sensation ) ও প্রত্যক্ষের ( Perception ) বেলায় কোন বস্তু হইতে উদ্দীপক আসিয়া কোন জীবের ইন্দ্রিয় বিশেষ উত্তেজিত করে ও তাহার ফলে সংবেদন ও প্রত্যক্ষ সম্ভব হয়। এই সংবেদন বা প্রত্যক্ষের মাধ্যমে সংবেদিত ব্যক্তি বা প্রত্যক্ষকারী কোনরূপ উদ্দীপ্ত না হইয়া যদি সংবেদিত বস্তুকেই উদ্দীপ্ত বলিয়া মনে করে তাহা হইলে ইহাকে উদ্ভট অভিক্ষেপ বলা হয়।

Eccentricity ( এক্‌সেন্‌ট্রিসিটি )—উদ্ভটত্ব ; খামখেয়ালী ব্যবহার ; কেন্দ্র হইতে দূরত্ব।

Echinodermata ( একিনোডারমেটা )—একিনোডারমেটা।

একিনোডারমেটা একপ্রকার জলজ প্রাণজ পদার্থের সাধারণ নাম। ইহা অনেক প্রকারের হইয়া থাকে। ইহাদের আভ্যন্তরীণ অংশ বা অঙ্গগুলি বিশেষভাবে সাজান থাকে।

Eclampsia ( এক্‌লাম্‌সিয়া )—গর্ভবিকার ; গর্ভাক্ষেপ।

Eclecticism ( ইক্‌লেক্‌টিসিজ্‌ম্ ) —( দঃ) সারগ্রহণবাদ, সমন্বয়বাদ।

Ecology ( ইকালজি )—বাস্তব বিদ্যা।

জীববিদ্যা বা সমাজবিদ্যার শাখা বিশেষ। এই বিদ্যায় আবেষ্টনীর সহিত জীবের সম্বন্ধ নির্ণয় করে।

Economic determinism ( ইকনমিক্ ডিটারমিনিজ্‌ম্ )—অর্থনৈতিক কারণ-বাদ।

Economics ( ইকনমিক্‌স্ )—অর্থবিদ্যা ; ধন-বিজ্ঞান ; অর্থবিজ্ঞান।

Economic ( ইকনমিক্ )—অর্থনীতি সম্বন্ধীয়।

Economical ( ইকনমিক্যাল্ )—মিতব্যয়ী।

Economy ( ইকনমি )—মিতব্যয়, সংসার যাত্রা নির্বাহ।

—Principle of ( ইকনমি, প্রিন্সিপল্ অব্ )—( মঃ ) মিতব্যয় নীতি।

Ecpyrosis ( এক্‌পিরোসিস্ )—অগ্নিস্বাৎকরণ।

Ecstasy ( এক্‌স্‌ট্যাসি )—( মঃ, দঃ ) মোহাবিষ্ট অবস্থা ; হর্ষোচ্ছ্বাস, অজ্‌দ ; যাজবা।

Ectomorphy ( এক্‌টোমর্‌ফি )—এক্‌টোমর্‌ফি, শারীরিক গঠন অনুসারে মানুষের শ্রেণী বিশেষ।

একটোমর্‌ফি শ্রেণীর লোকের অস্থি লম্বা, বক্ষ প্রশস্ত ও স্বাস্থ্য ভঙ্গুর হয়।

Edipus complex ( ইডিপাস্ কম্‌প্লেকস্ )—( মঃ ) ইডিপাস্‌ জাটিল্য।

ফ্রয়েডীয় মনোবিদ্যার মাতার প্রতি পুত্রের সকাম ভালবাসা ও পিতার প্রতি বিদ্বেষ ও প্রতিদ্বন্দ্বিতার ভাব। ফ্রয়েড (Freud) প্রথমে এই পরিভাষার ব্যবহার করেন।

Eduction ( ইডাক্‌শান্ )—( দঃ, যুঃ ) নিষ্কর্ষ ; উৎপাদন।

যদি কোন বাক্য হইতে অন্য বাক্যের সাহায্য ছাড়া কোন সিদ্ধান্ত পাওয়া যায়, তাহা হইলে তাহাকে নিষ্কর্ষ বলে। অবরোহ যুক্তিবিদ্যায় ইহা আবর্তন, প্রতিবর্তন, প্রতি-আবর্তন ও অন্তরাবর্তনের সাধারণ নাম।

Educational age ( এডিউকেশান্যাল্ এজ্‌ )—( মঃ ) শিক্ষা-বয়স।

প্রকৃত বয়সের দিকে না দেখিয়া কোন বিশেষ শ্রেণীতে পাঠের উপযুক্ত তাহা দেখিয়া যে বয়স নির্ণয় করা হয় তাহাকে শিক্ষা-মনোবিদ্যার পরিভাষায় শিক্ষা বয়স বলা হয়।

—Psychology (—সাইকলজি )—( মঃ ) শিক্ষা-মনোবিদ্যা।

মনোবিদ্যার যে শাখায় সাধারণ মনোবিদ্যার জ্ঞানকে শিক্ষার ক্ষেত্রে ব্যবহার করা হয়, তাহাকে শিক্ষা-মনোবিদ্যা বলে।

Effect ( এফেক্‌ট্‌ )—( যুঃ ) কার্য, ফল।

কোন কারণের ফলকে কার্য বলা হয়। যুক্তিবিদ মিল্ নিম্নোক্তভাবে কার্য কারণের সংজ্ঞা দিয়াছেন : "যদি কোন পূর্ববর্তী ঘটনা বা ঘটনাবলীর সংমিশ্রণের পর অন্য একটি ঘটনা সকল সময় অনক্ষেপভাবে দেখা যায়, তাহা হইলে পরবর্তী ঘটনাকে কার্য ও পূর্ববর্তী ঘটনাকে কারণ বলা হয়।"

Effectiveness ( এফেকটিভনেস্ )—কার্যকারিতা, ফলপ্রসূতা, ফলদায়কতা।

Effector ( এফেক্টার্ )—বিগ্রাহী, সম্পাদক।

Effeminacy ( ইফেমিন্যাসি )—স্ত্রীজনোচিত ভাব ; দুর্বলতা।

Effeminate ( ইফেমিনেট্ )—নারী ভাবাপন্ন ; হীনবল।

Effemination ( ইফেমিনেশান্ )—নারী ভাবাপন্ন হওয়া, হীনবল হওয়া।

Efferent ( এফারেণ্ট )—( মঃ ) বহির্মুখ, বহির্গামী ; বহিঃ-সঞ্চালক।

—impulse (—ইম্পাল্স্)—(মঃ) বহির্মুখ প্রবাহ ; চেষ্টীয় প্রবাহ।

—neuron ( —নিউরোন্ )—( মঃ ) বহির্মুখ নিউরোন, বহির্মুখ কশেরুকা।

Efficiency ( এফিশেন্সি )—( মঃ ) দক্ষতা ; কর্মক্ষমতা।

Effluvium ( এফ্লুভিয়াম )—সমে-সম মতবাদ।

গ্রীক দার্শনিকদের, বিশেষভাবে দার্শনিক এমপেডোক্লিস্-এর, মতবাদ যে, বাহিরের বস্তুর প্রত্যক্ষণের বেলায় শরীরস্থ সমজাতীয় বস্তুই তাহা প্রত্যক্ষ করে।

Effort Experience ( এফার্ট একস্পেরিয়েন্স ) — ( মঃ ) চেষ্টা-অভিজ্ঞতা, চেষ্টা-অনুভূতি।

Ego ( ইগো ) —( দঃ, মঃ ) অহং, আমি, খুদী, সত্তা।

—centric ( ইগো সেনট্রিক্ )—(দঃ) আত্মকেন্দ্রিক ; অহংভাবাপন্ন।

— —Predicament ( — —প্রিডিকামেন্ট্ )—( দঃ ) আত্ম-কেন্দ্রিক ধারণা।

Ego-alter theory ( ইগো-অলটার থিওরি )—অহং পরিবর্তন মতবাদ ; সত্তা বদল মতবাদ।

এই মতবাদ অনুসারে কোন সত্তায় সামাজিক চেতনা প্রভৃতি পারিপার্শ্বিকতার প্রভাবে গড়িয়া উঠে।

Ego-defensive ( ইগো ডিফেনসিভ )—( মঃ ) সত্তারক্ষী।

Ego-ideal (—আইডিয়াল )—( মঃ ) সত্তা-আদর্শ।

Ego instincts ( – ইনষ্টিঙ্কট্স্ )—( মঃ ) আত্ম-প্রবৃত্তি ; আত্মমুখ প্রবৃত্তি সকল।

যে সকল সহজাত প্রবৃত্তি কেবলমাত্র নিজেরই সুখ সুবিধা প্রদান

করে সেগুলিকে সাধারণ নামে আত্ম-প্রবৃত্তি বা আত্মসুখ প্রবৃত্তি বলা হয়। এই শ্রেণী বিভাগ অনুসারে অন্য শ্রেণীর প্রবৃত্তি হইল যৌন প্রবৃত্তি।

Ego-libido ( ইগো লিবিডো ) — যৌন-শক্তি, আত্মকাম ; লিবিডো।

ফ্রয়েডের মনোবিদ্যায় একমাত্র যৌনশক্তিই সকল প্রকার কার্যের অনুপ্রেরণা জোগাইবার উৎস।

— , Empirical ( — -এমপিরিক্যাল্ ) — অভিজ্ঞতালব্ধ অহং, অভিজ্ঞতালব্ধ সত্তা।

— , Pure ( — পিওর ) — অমিশ্র অহং, শুদ্ধ অহং, — সত্তা।

— , Transcendental ( — ট্রান্সেন্ডেন্টাল্ ) — (দঃ) অতীন্দ্রিয় সত্তা, তুরীয় সত্তা, বহিস্থিত অহং।

Egoism ( ইগোয়িজ্ম্ ) — আত্মবাদ, অহংবাদ, অহং ভাব।

Egoism , Ethical ( ইগোয়িজ্ম্ , ইথিক্যাল্ ) — ( নীঃ ) নৈতিক আত্মবাদ, —অহংবাদ, — স্বার্থবাদ, নীতিবিদ্যা-সম্মত —।

— , Psychological ( — সাইকোলজিক্যাল্ ) — ( নীঃ, মঃ ) মনোবিদ্যা সম্মত আত্মবাদ, — অহংবাদ, মনস্তাত্ত্বিক —।

Egoist ( ইগোয়িস্ট্ ) — আত্মবাদী, স্বার্থবাদী ; স্বার্থপর লোক।

Egoistic ( ইগোয়িস্টিক্ ) — আত্মকেন্দ্রিক, স্বার্থকেন্দ্রিক।

— Hedonism ( —হীডনিজ্ম্ ) — ( নীঃ ) আত্মসুখবাদ।

আত্মসুখবাদ অনুসারে মানুষের জীবনের একমাত্র লক্ষ্য বা কাম্যবস্তু হইল তাহার নিজের সুখ।

Egology ( ইগোলজি ) — অহং বিজ্ঞান, অহং তত্ত্ব।

Egological ( ইগোলজিক্যাল্ ) — অহং-বিজ্ঞানী, অহং সম্বন্ধীয়।

Egotism ( ইগোটিজ্ম্ ) — অহমিকা।

Egotist ( ইগোটিস্ট্ ) — আত্মাভিমানী, আত্মশ্লাঘাকারী, আত্মশ্লাঘী।

Egotistic ( ইগোস্টিক্ ) — আত্মশ্লাঘী ; দাম্ভিক।

Egotistical ( ইগোটিস্টিক্যাল ) — — ; — ।

Egotrous ( ইগোট্রাস্ ) — আত্মগরজী, খুদ-পরস্ত।

**Eidetic** ( ঈডেটিক্ ) — ঈডেটিক্, খেয়ালী।

— imagery ( — ইমেজ্যারী )—( মঃ ) খেয়ালী ভাবচ্ছবি।

— image ( — ইমেজ্ )—( মঃ ) খেয়ালী ভাবচ্ছবি।

**Eidola** ( আইডোলা )—( অসার ) প্রতিচ্ছবি সমূহ।

**Eidolism** ( আইডোলিজ্‌ম্ ) — ( অসার ) প্রতিচ্ছবিবাদ।

**Eidology** ( আইডোলজি ) — ( অসার ) প্রতিচ্ছবি বিজ্ঞান, প্রতিচ্ছবি মতবাদ।

**Eidolon** ( আইডোলন্ ) — ( অসার ) প্রতিচ্ছবি।

**Eidotic** ( আইডোটিক্ ) — প্রতিচ্ছবিক।

**Eirenicon, Epistemological** ( ঈরেনিকন, ইপিস্‌টেমোলজিক্যাল্ )—( দঃ ) সমন্বয়বাদ।

ধীবিদ্যায় আত্মমুখবাদ ; বিষয়কেন্দ্রিকবাদ ; দ্বৈতবাদ ও সম্পর্কবাদের সমন্বয় সাধন। মনটেগ ( Montague ) প্রথমে এই পরিভাষা ব্যবহার করেন।

**Eject** ( ঈজেক্‌ট্ ) — উচ্ছেদ করা ; তাড়ান।

**Elaboration** ( ইলাবোরেশান্ ) —সম্প্রসারণ, উন্নতিসাধন, যোগকরা জিনিষ ; বিবরণাদি।

**Elanvital** ( এইলাংভাইটাল ) — ( দঃ ) প্রাণ প্রবাহ ; সুপ্ত প্রাণশক্তি।

Bergsonian Philosophy দ্রষ্টব্য।

**Elation** ( ইলেশান্ ) — উল্লাস ; বিজয়গর্ব।

**Elberfeld horses** ( এল্‌বারফেল্‌ড্ হরসেস্ ) — এলবার্‌ফেলড ঘোড়া।

জার্মানার এলবারফেল্‌ড্ নামক স্থানে শিক্ষা দেওয়া গণিতজ্ঞ ঘোড়া।

**Election** ( ইলেক্‌শান ) — নির্বাচন ; ভোট দ্বারা নির্বাচন।

**Electra complex** ( ইলেকট্রা কম্‌প্লেক্‌স্ ) — ( মঃ ) ইলেকট্রা জটিল্য।

ফ্রয়েডীয় মনোবিদ্যায় পিতার প্রতি কন্যার সকাম ভালবাসা ও মাতার প্রতি বিদ্বেষ ও প্রতিদ্বন্দ্বিতার ভাব।

Edipus complex দ্রষ্টব্য।

**Electro-magneitc theory of light** ( ইলেক্ট্রো ম্যাগ্‌নেটিক্ থিওরি অব্ লাইট্ ) — আলোকের বিদ্যুৎ-চুম্বক মতবাদ।

**Electron** ( ইলেক্‌ট্রন্ ) — পরমাণু; ইলেক্‌ট্রন্।

**Electroencephalogram** ( ইলেকট্রোএন্‌সেফ্যালোগ্রাম ) — ( মঃ ) মস্তিষ্ক বিদ্যুৎপ্রবাহ-পরিমাপক।

ইহা মস্তিষ্কের বিদ্যুৎপ্রবাহ পরিমাপ করিবার এক প্রকার যন্ত্র।

**Electroretinogram** ( ইলেকট্রোরেটিনোগ্রাম্ )—(মঃ ) অক্ষিপট বিদ্যুৎপ্রবাহ পরিমাপক।

ইহা অক্ষিপটের বিদ্যুৎপ্রবাহ পরিমাপ করিবার এক প্রকার যন্ত্র।

**Element** ( এলিমেন্ট্ ) — ( দঃ ) মূলপদার্থ, মূল উপাদান।

যে সকল পদার্থ দ্বারা বিশ্বজগৎ গঠিত হইয়াছে তাহাদিগকে মূল পদার্থ বলে। মূল পদার্থ সম্বন্ধে দার্শনিকদের মধ্যে নানা মতভেদ রহিয়াছে।

**Elenchus** ( এলেন্‌কাস্ ) — ( গ্রীক্ ) খণ্ডন।

**Elimination** ( এলিমিনেশান্ ) — বর্জন ; অপনয়ন।

—**Method of** ( —, মেথাড অফ ) — ( যুঃ ) অপনয়ন-পদ্ধতি।

**Elucidation** ( ইলুসিডেশান্ ) — ব্যাখ্যা ; সরল করা।

**Emanation** ( ইম্যানেশান্ ) — ( দঃ ) নির্গমন ; নিঃসরণ ; উদ্ভাবন ; নিঃসৃত পদার্থ ; তাসাল্‌সুল।

এই মতানুসারে প্রত্যেক বস্তু সৃষ্টিকর্তা হইতে পরম্পরাক্রমে উদ্ভূত হইয়াছে।

**Embodied mind** ( এম্‌বডিড্ মাইণ্ড্ ) — শরীরী মন।

**Embolism** ( এমবলিজ্‌ম্ ) — ( মঃ ) শোণিতপ্রবাহ রোধ।

**Embryo** ( এম্‌ব্রিও ) — ভ্রূণ ; আদিমাবস্থা।

**Emergence** ( ইমারজেন্স্ ) — নবোৎপত্তি।

**Emergent** ( ইমার্জেন্ট্ ) — অভিনব ; আকস্মিক্ ; উন্মেষী।

Emergent evolution ( — ইভলিউশান্ ) — ( দঃ, মঃ ) অভিনব বিবর্তন ; উন্মেষী বিবর্তন।

যে বিবর্তনে কোন বিশেষ স্তরের গুণাবলী তাহার পূর্ববর্তী স্তরের গুণের সাহায্যে ব্যাখ্যা করা যায় না, তাহাকে অভিনব বিবর্তন বলে। বিবর্তনবাদের এই মতানুসারে বিবর্তনের প্রতিটি স্তরে অভিনব গুণের উদ্ভব হয়। দর্শনের ক্ষেত্রে স্যামুএল আলেক্‌জাণ্ডার (Samuel Alexander) তাঁহার বিখ্যাত গ্রন্থ 'Space, Time and Diety'-তে এই মতবাদ প্রচার করেন। মনোবিদ্যার ক্ষেত্রে জেস্‌টাল্‌ট (Gestalt) মনোবিদ্যার অনুসারীগণ এই মতের সমর্থক।

— mentalism ( — মেন্টালিজম্ ) — অভিনব-ভাববাদ।

Emission ( ইমিশান্ ) — নির্গমন ; নিঃসরণ।

Emitted response ( ইমিটেড রেস্‌পনস্ ) — ( মঃ ) নিঃসৃত সাড়া।

Emmert's law ( ইমার্টস্ ল ) — ( মঃ ) ইমার্টের নিয়ম।

প্রতিচ্ছবি ও অনুসংবেদনের অভিক্ষেপ সম্বন্ধে মানসিক নিয়ম।

Emotion ( ইমোশন্ )—(মঃ) আবেগ ; উচ্ছ্বাস।

মনের স্বাভাবিক শান্ত অবস্থার পরিবর্তনই আবেগ বা উচ্ছ্বাস। ভয়, রাগ প্রভৃতি আবেগে মনের স্বাভাবিক শান্ত অবস্থা ব্যাহত হয় এবং শরীরের মধ্যে বিভিন্ন রকমের শারীর-বৃত্তীয় পরিবর্তন সাধিত হয়।

Emotional ( ইমোশন্যাল্ )—(মঃ) আবেগময় ; ভাবোদ্দীপক।

Emotive meaning ( ইমোটিভ্ মিনিং )—(মঃ) আবেগময় অর্থ।

Empathic ( এমপ্যাথিক্ )—(মঃ) স্ব-আরোপ।

নিজের মানসিক আচরণকে অন্য কোন ব্যক্তি, বস্তু বা ঘটনাতে কল্পনায় অভিক্ষেপ করাকে স্ব-আরোপ বলা হয়।

Empedocles ( এম্‌পেডোক্লিস ) —এমপেডোক্লিস ; প্রাচীন গ্রীসের একজন দার্শনিক।

সত্তার স্বরূপ সম্বন্ধে এমপেডোক্লিস ( খৃঃ পূঃ আনুমানিক ৪৯০-৪৩০ ) তাঁর পূর্ববর্তী দার্শনিক মতবাদের সংস্কার সাধন করেন। তাঁর মতে বিশ্বজগত চারিটি উপাদান দ্বারা গঠিত—মাটি, পানি, বায়ু ও

আগুন। এই উপাদানগুলির আকর্ষণ ও বিকর্ষণের, প্রেম ও ঘৃণার ফলে বিশ্বজগতের সৃষ্টি।

Empirical ( এমপিরিক্যাল ) —প্রায়োগিক।

— generalisation ( — জেনেরালাইজেশান্ ) —প্রায়োগিক সার্বিক-করণ।

— sciences ( — সাইন্সেস্ ) — প্রায়োগিক বিজ্ঞানসমূহ।

Empiricism (এম্পিরিসিজ্ম) —(দঃ)অভিজ্ঞতাবাদ, ইন্দ্রিয়জ-বাদ, প্রয়োগবাদ।

এই মতবাদে কেবলমাত্র ইন্দ্রিয়লব্ধ জ্ঞান ছাড়া অন্য কোন জ্ঞান স্বীকার করা হয় না। এই মতবাদ অনুসারে জ্ঞানলাভের একমাত্র পদ্ধতি হইল নিরীক্ষণ ও পরীক্ষণ।

Empiricism, Radical ( এম্পিরিসিজ্ম্, রেডিক্যাল )—(দঃ) চরম অভিজ্ঞতাবাদ, চরম ইন্দ্রিয়জবাদ।

— Scientific ( — সাইন্টিফিক্ )—(দঃ) বৈজ্ঞানিক ইন্দ্রিয়জবাদ।

Empiricist (এম্পিরিসিষ্ট)—(দঃ) অভিজ্ঞতাবাদী ; ইন্দ্রিয়জবাদী ; প্রয়োগবাদী।

Employment Psychology ( এম্প্লয়মেন্ট সাইকলজি )—(মঃ) নিয়োগ মনোবিদ্যা।

Empyreumatic ( এমপাইরিউম্যাটিক্ )—(মঃ)—ধূম-গন্ধী।

Empirio-criticism ( এমপিরিও-ক্রিটিসিজ্ম্ )—(দঃ) ইন্দ্রিয়ানুভূতিবাদ।

এই মতবাদ অনুসারে বিশ্বের মূল উপাদান কোন বস্তু নয়, বরং সাধারণ ভাবে যাহাকে অনুভূতি বলা হয় তাহাই, যেমন শব্দ, কাল, চাপ প্রভৃতি। অষ্ট্রিয়ার এর্নেষ্ট ম্যাক ( Ernest Mach ) এই মতের প্রবর্তক।

Empty ( এম্টি )—শূন্য ; অসার।

Emulation ( এমিউলেশান )—প্রতিযোগিতা ; অনুকরণ।

En ( এন্ )—(গ্রীক উপপদ)—অন্তঃ ; ভিতরে।

Encephalities ( এন্সিফ্যালাইটিস্ ) —মস্তিস্ক স্ফীতি ( জীবাণুর আক্রমণের ফলে )।

Enclosure ( এন্ক্লোজার )—বেষ্টনী।

Encyclopeadist ( এন্সাইক্লোপিডিষ্ট )—বিশ্বকোষ-লেখক।

ফরাসী দেশের প্রথম বিশ্বকোষ রচয়িতাগণকে (দিদেরো, দাঁলেবেথ, ভল্টেয়ার, হেলপেতিউস, রুশো প্রমুখ লেখক) এন্সাইক্লোপিডিষ্ট বলা হয়। এই বিশ্বকোষ ১৭৫১ খৃঃ হইতে ১৭৬৫ খৃঃ পর্যন্ত সময়ে রচিত হয়। অনেকে ইহাকেই পৃথিবীর প্রথম বিশ্বকোষ বলিয়া মনে করেন। কিন্তু প্রকৃতপক্ষে ইহার বহু পূর্বে মুসলিম পণ্ডিতগণ বিশ্বকোষ রচনা করেন। ইখ্ওয়ানুস্-সাফাদের রচিত 'রাসাইল' ইহার একটি প্রকৃষ্ট উদাহরণ।

Ends ( এণ্ড্স্ ) —লক্ষ্যনিচয়।

Endocrine gland ( এনডোক্রিন গ্লাণ্ড )—(মঃ) অন্তঃক্ষরা গ্রন্থি।

অন্তঃক্ষরা গ্রন্থিগুলি ইহাদের ক্ষরিত রস শরীরের দ্বারগুলি দিয়া বাহির না করিয়া রক্তের সহিত মিশাইয়া দেয়। এই গ্রন্থির সংখ্যা বহু; যেমন—থাইরয়েড, প্যারা থাইরয়েড, থাইমাস-পিনিয়াল, পিটু-ইটারী, সুপ্রারেনাল বা এড্রিনেল।

Endocrinology ( এন্‌ডোক্রাইনোলজি )—অন্তঃক্ষরা গ্রন্থিবিদ্যা।

Endo ( এণ্ডো )—(গ্রীক উপপদ) অন্তঃ, মধ্যে।

— -gamy ( —-গ্যামী ) —সগোত্র বিবাহ।

End-organ ( এণ্ড অরগ্যান্ )—(মঃ) প্রান্তাঙ্গ।

শরীরের বিভিন্নপ্রান্তে অবস্থিত অঙ্গ।

Endowment ( এণ্ডাউমেন্ট )—বৃত্তি; বৃত্তিদান।

যে গুণ প্রদান করিয়া সমৃদ্ধ করা হইয়াছে।

Energism ( এনার্জিজ্ম )—(দঃ) শক্তিবাদ।

Energy ( এনার্জি )— শক্তি; কর্মশক্তি; কর্মচাঞ্চল্য।

Engram ( এন্‌গ্রাম্ )—(মঃ) স্থায়ী চিহ্ন (স্মৃতির)।

Enjoyment ( এন্‌জয়মেন্ট্ ) – উপভোগ।

Enlightenment ( এন্‌লাইটেন্‌মেন্ট্ )— সভ্য অবস্থা, শিক্ষিত অবস্থা।

Ens ( এন্স্ )— অস্তিত্ব।

— parmenideum ( — পারমেনিডিয়াম্ )—( দঃ ) অপরিবর্তনীয় অস্তিত্ব।

— rationis ( — র‍্যাশিওনিস্ )— চিন্তনীয় ( কিন্তু অবাস্তব ) অস্তিত্ব।

Entails ( এন্‌টেইল্‌স্ )— অচ্ছেদ্যভাবে থাকা ( অন্য কিছুর সংগে ) ; অপরিহার্য ফল-রূপে ঘটান ; লেজুড় হওয়া।

Entelechy ( এন্‌টেলেকি )— প্রাণ।

Entomology ( এন্‌টোমোলজি )— পতঙ্গ-বিদ্যা।

Enthymeme ( এন্‌থিমেম্ )—( যুঃ ) সংক্ষিপ্ত সহানুমান।

যে সহানুমানে (Syllogism) সকল বাক্য ব্যক্ত থাকে না অর্থাৎ একটি বা দুইটি বাক্য উহ্য থাকে, তাহাকে সংক্ষিপ্ত সহানুমান বলে।

Entities ( এন্‌টিটিস্ )— বহু-সত্তা, বহু-সত্ত্ব।

Entity ( এন্‌টিটি )— সত্তা, সত্ত্ব।

Entropy ( এন্‌ট্রোপি )— অকর্ম অবস্থা ( তাপ, গতি বিষয়ে )।

Enuresis ( এনিউরেসিস্ ) —শয্যা-মূত্র।

Enumerable ( এনিউমারেব্‌ল্ )— গণনাযোগ্য।

Enumeration ( এনিউমারেশান্ )— গণনা।

Enumerative ( এনিউমারেটিভ্ )— গণনামূলক।

— Induction ( — ইন্‌ডাক্‌শান্ )—( যুঃ ) গণনামূলক আরোহ।

যে আরোহ অনুমানে গণনার উপর নির্ভর করিয়া সিদ্ধান্ত গ্রহণ করা হয় তাহাকে গণনামূলক আরোহ বলা হয়। গণনামূলক আরোহ দুই প্রকার : যথা পূর্ণ গণনামূলক ও অপূর্ণ-গণনামূলক।

Environment ( এন্‌ভায়রনমেন্ট )— পরিবেশ, প্রতিবেশ।

Environmental factors ( এনভায়রন্‌মেন্টাল ফ্যাক্‌ট্‌র্‌স্ )—(মঃ) পরিবেশী উপাদান।

Enzyme ( এন্‌যাইম্ )—উৎসেচক, এন্‌যাইম।

Eoanthropus ( এন্‌থ্রোপাস )—প্রাচীনতম মানুষ।

Epagoge ( ইপাগগ্ )—আরোহ (আরিস্তোতলের যুক্তিবিদ্যায়)।

Epagogic ( ইপাগগিক )—আরোহী ( — )

Ependyma ( এপেনডাইমা )—(মঃ) আরণিকা। কশেরুকা রন্ধ্রের ( neural canal ) আবরণ।

Epi ( এপি )—(গ্রীক উপপদ) উপর, উর্দ্ধ, উপ- ।

Epicheirema ( এপিকায়রেমা )—(যুঃ) সংক্ষিপ্ত প্রতীয়গামী অনুমান-মালা।

যদি একাধিক সহানুমান (Syllogism) এমনভাবে সংযুক্ত হয় যে, একটি সহানুমানের সিদ্ধান্ত অন্য সহানুমানের হেতু বাক্যরূপে ব্যবহৃত হয় এবং সহানুমানগুলি যুক্তভাবে একটি সিদ্ধান্ত প্রতিষ্ঠা করে, তাহা হইলে সেই সহানুমানগুলির সমষ্টিকে "সহানুমান শৃঙ্খল" বা সহানুমান-মালা (Trains of Syllogism বা Poly-syllogism) বলে। সহানুমান শৃঙ্খল দুই প্রকারঃ প্রগামী (Progressive) ও প্রতীয়গামী (Regressive)। যে সহানুমান শৃঙ্খলে মূল সিদ্ধান্ত সর্বশেষে উল্লেখ করা হয় অর্থাৎ যুক্তি মূল সিদ্ধান্তের দিকে ধাবিত হয়, তাহাকে প্রগামী সহানুমান-শৃঙ্খল বলে। অপরপক্ষে যে সহানুমান শৃঙ্খলে মূল সিদ্ধান্ত সর্বপ্রথমে উল্লেখ করা হয় এবং তাহার পর হেতুবাক্যের সাহায্যে তাহার যুক্তি দেখান হয় তাহাকে প্রতীয়গামী সহানুমান শৃঙ্খল বলে। যে প্রতীয়গামী সহানুমান-শৃঙ্খলে পরবর্তী সহানুমানের এক একটি হেতুবাক্য উহ্য থাকে তাহাই যুক্তিবিদ্যার পরিভাষায় Epicheirema।

Epicritic ( এপিক্রিটিক্ )—(মঃ) সূক্ষ্ম, (চার্ম-অনুভূতি)।

Epicritic sensibility ( এপিক্রিটিক সেন্সিবিলিটি )—(মঃ) সূক্ষ্ম অনুভূতি।

Epicurean ( এপিকিউরিয়ান্ )—(নীঃ) সুখবাদী, এপিকিউরিয়ান।

Epicurianisn ( এপিকিউরিয়ানিজ্ম ) —(নীঃ) সুখবাদ।

Epicurism ( এপিকিউরিজ্ম )—(নীঃ) —।

Epicurus ( এপিকিউরাস )—এপিকিউরাস।

এপিকিউরাস খৃষ্টপূর্ব তৃতীয় শতাব্দীর একজন শক্তিশালী গ্রীক দার্শনিক। তাঁর মতে মানুষের প্রধান কাম্য হইল সুখ। কিন্তু সুখ সম্বন্ধে নির্ভুল ধারণা থাকিতে হইবে, সকল প্রকারের সুখ ভোগ্য নয়। ব্যক্তিগত ইন্দ্রিয়জ সুখ পরিহার করিয়া পূর্ণ মানসিক শান্তি লাভ করাই আসল সুখ।

Epidermis ( এপিডারমিস্ )—(মঃ) বহিস্তক; বহিশ্চর্ম; বহিরাবরণ।

Epigamic ( এপিগ্যামিক )—(মঃ) মৈথুন পূর্ব (শারীরিক বৈশিষ্ট্য)।

Epigastric ( এপিগ্যাস্ট্রিক্ )—উপ-পাকস্থলী।

Epiglottis ( এপিগ্লোটিস্ )—আলজিভ্।

Epigenesis ( এপিজেনেসিস্ )—(মঃ) উপবৃদ্ধি।

এই মতবাদ অনুসারে ভ্রূণের বৃদ্ধি পূর্ব-নির্ধারিত নয়; বরং পারিপার্শ্বিক অবস্থার উপর নির্ভরশীল।

Epilepsy ( এপিলেপ্সি )—মৃগীরোগ।

Epinephrin ( এপিনিফ্রিন্ )—(মঃ) এপিনিফ্রিন; অ্যাড্রিনাল গ্রন্থিরস।

Epiperipheral ( এপিপেরিফেরাল )—উপপ্রান্তস্থ।

Epiphenomenalism ( এপিফেনোমেনালিজ্ম )—(দঃ) উপসত্তাবাদ।

এই মতবাদ-অনুসারে মনের সজ্ঞানভাব কোন পৃথক বিশিষ্ট সত্তা নয়। ইহা শারীরবৃত্ত ক্রিয়ার উপসত্তা মাত্র। ক্লিফোর্ড, হাক্সলী, হজসন্ ( Cliford, Huxley, Hodgson ) প্রমুখ মনোবিজ্ঞানীর এই অভিমত।

Epiphenomenon ( এপিফেনোমেনন্ )—(দঃ মঃ) উপসত্তা।

Epiphysis ( এপিফিসিস্ )—(মঃ) পীনিয়াল গ্রন্থি।

Episcotister ( এপিস্কোটিস্টার )—(মঃ) এপিস্কোটিস্টার; আলোকের ঔজ্জ্বল্য অনুভূতি পরিমাপের যন্ত্র-বিশেষ।

Epistemic ( এপিস্টেমিক্ )—জ্ঞান সম্পর্কীয়; — বিষয়ক।

Epistemological dualism ( এপিস্টিমোলজিক্যাল ডুয়ালিজ্ম্ )—জ্ঞান-বিষয়ক দ্বৈতবাদ।

এই মতবাদ-অনুসারে প্রত্যক্ষ, স্মৃতি প্রভৃতি সাক্ষাৎ জ্ঞানে জ্ঞাত উপাদান ও প্রকৃত জ্ঞাত বস্তু এক নয়। প্লেতো, লিবনিজ, ক্যাণ্ট ( Plato, Libniz, Kant ) প্রমুখ দার্শনিকদের এই অভিমত।

— Idealism (—আইডিয়ালিজ্ম্)—(দঃ) জ্ঞান-বিষয়ক অধ্যাত্মবাদ,—ভাববাদ।

ধীবিদ্যার একটা বিশেষ মতবাদ। এই মতবাদে কোন প্রত্যক্ষের বেলায় মানসিক আধেয় (Content) ও প্রত্যক্ষেয় বস্তুকে এক বলিয়া মনে করা হয়।

—Monism ( — মোনিজম্ )—(দঃ) — একত্ববাদ।
( Epistemological Idealism দ্রষ্টব্য )

—Realism ( — রিয়ালিজ্ম্ )—(দঃ) — বাস্তববাদ।

ধীবিদ্যার এই মতবাদ অনুসারে জ্ঞেয় বস্তু জ্ঞাতা-নিরপেক্ষভাবে অবস্থান করে।

Epistemology ( এপিস্টিমেলজি )—(দঃ) ধীবিদ্যা।

ধীবিদ্যা দর্শনের একটি প্রধান শাখা। ইহাতে জ্ঞানের উৎপত্তি, স্বরূপ, সীমা ও বৈধতা লইয়া আলোচনা করা হয়।

Episyllogism ( এপিসিলোজিজ্ম্ )—(যুঃ) পর-সহানুমান।

সহানুমানমালার যে সহানুমানের হেতুবাক্য অন্য সহানুমানের সিদ্ধান্ত সেই সহানুমানকে অপর সহানুমানটির সম্পর্কে পর-সহানুমান বলা হয়।

Epithalemus ( এপিথ্যালেমাস্ ) — উপ-থ্যালেমাস। থ্যালেমাস্ গ্রন্থির উপরের অংশ।

Epithelium ( এপিথেলিয়াম )—বহিরাবরণ।

গহ্বরাদিসহ শরীরের সকল বহিঃঅঙ্গের আবরণের সাধারণ নাম হইল এপিথেলিয়াম।

Epochal Psychoses ( ঈপক্যাল সাইকোসিস )—(মঃ) ( বিশেষ বয়সকালীন ) মানসিক রোগ।

Equal and unequal cases ( ইকুয়াল এণ্ড আনইকুয়াল্ কেসেস্ )— সম ও অসম দৃষ্টান্ত।

Equality ( ইকুয়ালিটি )—সমতা, সাদৃশ্য।

Equal operating intervals ( ইকুয়াল অপারেটিং ইণ্টারভ্যাল্স্ ) সম-কার্যকরী বিরাম।

Equal sense distanccs ( ইকুয়াল সেন্স্ ডিসট্যান্সেস্ )—সম-সংবেদন দূরত্ব।

—tempered scale ( — টেম্পারড্ স্কেল )—সম শক্তিসম্পন্ন মাপযন্ত্র।

Equally noticeable ( ইকুয়ালী নোটিসেব্ল্ )—সমলক্ষনীয়।

Equipollence ( ইকিউপোলেন্স )—(যুঃ) প্রতিবর্তন ; Obversion দ্রষ্টব্য।

Equilibrium ( ইকুইলিব্রিয়াম )— ভারসাম্য, সমভার অবস্থা।

—sense ( — সেন্স্ )—সাম্যবেদন।

Equipotentiality ( ইকুইপোটেন্সিয়ালিটি )—সম সুপ্ত-শক্তি।

Equivalence ( ইকুইভ্যালেন্স্ ) – তুল্য ; সম।

Equivalents ( ইকুইভ্যালেন্ট্স্ ) — সমভাবে বিনিমেয়, মূল্য-শক্তি-অর্থ প্রভৃতিতে সমান।

Equivocation ( ইকুইভোকেশান )—দ্ব্যর্থতা ; দ্ব্যর্থ বাক্য।

Erethism ( ইরেথিজ্ম্ )—(মঃ) সংবেদনাধিক্য।

Ergograph ( এরগোগ্রাফ্ )—শ্রমমান যন্ত্র।

Erh ( আর্হ্ )—আর্হ্।

চৈনিক দর্শনে ( টাও-বাদ ) আর্হ্ স্ত্রী ও পুরুষ শক্তির সমষ্টিগত নাম। এই দর্শনমতে পুরুষ শক্তি (ইয়াং) কর্মমুখর ও স্ত্রী-শক্তি (ইন) কর্মবিমুখ—এই দুই শক্তির সমন্বয়ে বিশ্বের সকল বস্তুর সৃষ্টি হইয়াছে।

Ergasia ( আরগেসিয়া )—(মঃ) আচরণ।

Eristic ( এরিস্টিক্ )—প্রশস্ত যুক্তি।

Erlebenis ( আর্লেব্নিস্ )—আবেগময় অবস্থা।

Erogenous-Zones ( ইরোজেনাস্ যোন্স্ )—(মঃ) কামক্ষেত্র।

Eros ( ইরস্ )—কাম।

Erotic ( ইরোটিক্ )—(মঃ) কাম-সম্বন্ধীয়।

Eroticism ( ইরোটিসিজ্ম্ )—(মঃ) কাম ; কামেষণা।

Erotism ( ইরোটিজ্ম্ )—(মঃ) কাম ; কামেষণা।

Erotomania ( ইরোটোম্যানিয়া )—(মঃ) কামবাতিক।

Error ( এরার্ )—ভুল, ভ্রম।

Eschatology ( এস্ক্যাটোলজি )—(দঃ) পরকালতত্ত্ব।

Esoteric ( এসোটেরিক )—(দঃ) গূঢ়, মা'রিফাত।

Essence ( এসেন্স্ )—(দঃ) সার, সারভাগ, উপাদান।

Essential co-ordination ( এসেন্শিয়াল কো-অর্ডিনেশান্ )—অত্যাবশ্যক সহযোজন।

Esthesis ( Aesthesis )—( ঈস্থেসিস্ )—শুদ্ধ আবেগময় অবস্থা।

Esthetics ( Aesthetics )—( ঈস্থেটিক্স্ ) — সৌন্দর্যতত্ত্ব ; কান্তিবিদ্যা।
( Aesthetics দ্রষ্টব্য )

Estimation error ( এস্টিমেশান্ এরার ) — ( মঃ ) প্রাক্-কলন ভ্রান্তি, হিসাবের ভুল।

Eternal object ( ঈটারন্যাল অবজেক্ট্ )—চিরন্তন বস্তু ; শাশ্বত বিষয়।

— recurrence (— রেকারেন্স )—পৌনপৌনিকতা।

Eternity ( ইটারনিটি )—(দঃ) চির, নিত্যতা, অনন্তকাল।

Ethereal ( ঈথিরিয়্যাল্ )—অতি সূক্ষ্ম, স্বর্গীয়।

Ethical ( ঈথিক্যাল )—(নীঃ) নীতিবিদ্যা-সম্বন্ধীয়, নৈতিক।
( Ethics দ্রষ্টব্য )।

Ethical formalism ( — ফরম্যালিজ্ম্ )—(নীঃ) নৈতিক বৈধিকতা।

— Hedonism ( — হিডোনিজ্ম্ )—(নীঃ) নৈতিক সুখবাদ।

— Relativism (— রিলেটিভিজ্ম্ )—(নীঃ) নৈতিক আপেক্ষিকবাদ।

— Rule (— রুল্ )—(নীঃ) নৈতিক নিয়ম।

Ethics ( এথিক্স্ )—(নীঃ) নীতিবিদ্যা ; নীতিশাস্ত্র ; নীতিদর্শন।

যে বিদ্যা মানুষের আচরণের ভাল-মন্দ, ঔচিত্য-অনৌচিত্য সম্বন্ধে আলোচনা করে তাহার নাম নীতিবিদ্যা। ভাল-মন্দ, ঔচিত্য-অনৌচিত্য প্রভৃতি ধারণাগুলি মানুষের জীবনের চরম লক্ষ্য, পরম কল্যাণ বা পরমার্থের সহিত সংযুক্ত। সেই জন্য নীতিবিদ্যাকে মানুষের জীবনের পরমার্থ সম্পর্কীয় বিদ্যাও বলা হয়।

Ethics, Absolute ( এথিক্স্, অ্যাবসলিউট )—পরম নীতিবিদ্যা।

—,Relative (—,রিলেটীভ্ )—(নীঃ) সাপেক্ষ নীতিবিদ্যা।

Ethnocentricism ( এথ্নো সেন্ট্রিসিজ্ম ) —জাত্যাভিমান ; জাতিকেন্দ্রিকতা।

Ethnic ( এথ্নিক্ )—জাতি-সম্বন্ধীয় ; মানব পরিবারের মৌলিক বা প্রাথমিক বিভাগ-সম্বন্ধীয়।

Ethnic groups ( এথ্নিক গ্রুপ্স্ )—জাতিসমূহ, মানব-পরিবারের মৌলিক বিভাগসমূহ।

Ethnography ( এথ্নোগ্র্যাফি ) — জাতি-বিবরণ ; পৃথিবীর বিভিন্ন জাতির বিবরণ।

Ethnology ( এথ্নোলজি ) – মানবজাতিতত্ত্ব, জাতিবিদ্যা।

মানবজাতি তত্ত্ব একটি বিশেষ বিজ্ঞান। ইহাতে মানব পরিবারের বিভিন্ন জাতি, মূল শাখা ও বিভাগ সম্বন্ধে আলোচনা করা হয়।

Ethnopsychology ( এথ্নো সাইকোলজি )—(মঃ) জাতিগত-মনোবিদ্যা।

Ethology ( ইথোলজি )—চরিত্রগঠন বিদ্যা।

Ethos ( ইথস্ )—জাতিবৈশিষ্ট্য।

Etiology ( ঈটিয়লজি )—পীড়ার নিদান, নিদান বিদ্যা।

**Eu** ( ইউ )—(গ্রীক উপপদ)—পূর্ণ, শুভ।

Eudaemonia ( ইউডামোনিয়া )—(নীঃ) কল্যাণ, পূর্ণতা।

Eudaemonism ( ইউডামোনিজ্ম্ )—(নীঃ) কল্যাণবাদ, পূর্ণতাবাদ।

পরমার্থ বা চরমকল্যাণবাদ সম্বন্ধে নীতিবিদ্যার একটি মতবাদ। এই মতবাদ-অনুসারে মানুষের সমগ্র পূর্ণতা বা কল্যাণকে নৈতিক আদর্শ হিসাবে গ্রহণ করা হয়। প্রাচীন গ্রীক দার্শনিক প্লাতো ও আরিস্তোত্ল এই মতবাদ প্রচার করেন। আধুনিক কালের গ্রীন ( T.H. Green ), ব্রাডলী ( **F.H.** Bradley ) প্রমুখ দার্শনিক এই মতের অনুসারী।

Eugenics ( ইউজেনিক্স )—সুপ্রজনন বিদ্যা।

Euhemerism ( ইউহেমেরিজম )—ইউহেমের-বাদ।

খৃঃ পূঃ তৃতীয় শতাব্দীর দার্শনিক ইউহেমের মনে করিতেন যে পৌরাণিক দেবদেবীগণ প্রকৃতপক্ষে মানুষ ছিলেন। তাঁহাদের বীরত্বের জন্য পরবর্তীকালে তাঁহাদের উপর দেবত্ব আরোপ করা হয়।

Euler's circle ( ইউলারস্ সার্কল্ )—ইউলারের বৃত্ত। ( Eulais diagram দ্রষ্টব্য। )

Euler's diagram ( ইউলারস্ ডায়গ্রাম্ )—(যুং) ইউলারের নক্সা।

ইউলার ছিলেন অষ্টাদশ শতাব্দীর সুইজারল্যাণ্ডের একজন বিখ্যাত যুক্তিবিদ। তিনি বিভিন্ন প্রকার যৌক্তিক বাক্যকে নক্সার সাহায্যে প্রকাশ করার জন্য বিভিন্ন রকমের নক্সার পরিকল্পনা করেন। বিভিন্ন প্রকার যৌক্তিক বাক্যের উদ্দেশ্য ও বিধেয়ের মধ্যের সম্বন্ধকে তিনি কতকগুলি বৃত্তের মাধ্যমে প্রকাশ করেন।

Eustachian tube ( ইউস্টেচিয়ান টিউব )—ইউস্টেচিয়ান নল।

শ্বাসনালী হইতে মধ্যকর্ণ পর্যন্ত বিস্তৃত নালীবিশেষ। ইহার দ্বারা কর্ণে ঠিকমত বাতাস চলাচল হয়।

Euthenics ( ইউথেনিক্স্ )—সুপালন বিদ্যা।

Evaluation ( ইভ্যাল্যুয়েশান্ )—মূল নির্ণয়, মাননির্ণয়, মূল্যায়ন।

E-values ( ই-ভ্যালুস )—নৈতিক মানসমুহ।

Event ( ইভেন্ট্ )—ঘটনা, ফল, পরিণাম।

Event-particle ( ইভেন্ট্ পারটিক্ল্ )—ঘটনা-অনু।

Evidence ( এভিডেন্স্ )—প্রমাণ।

Evident ( এভিডেন্ট )—প্রত্যক্ষ, সুস্পষ্ট।

Evil ( ঈভিল )—পাপ, গুণাহ্।

—eye ( —আই )—কুনজর।

Evolution ( ঈভলিউশান্ )—বিবর্তন, অভিব্যক্তি, ক্রমবিকাশ।

অনেক পণ্ডিতের মতে এই জগৎ এবং তাহার প্রাণীসমূহ ও বৃক্ষলতাদি একই সময়ে সৃষ্ট হয় নাই বরং একটি বিশেষ রীতিতে ক্রমশঃ উচ্চ হইতে উচ্চতর স্তরে বিকাশ লাভ করিয়া আসিতেছে। ইহার নাম ক্রমবিকাশ বা বিবর্তন।

জীবের দৈহিক ধ্বংসাবশেষ ও প্রস্তরীভূত কঙ্কালের ধ্বংসস্তূপ সম্বন্ধীয় গবেষণার মাধ্যমে এই প্রকার বিবর্তনের বা ক্রমবিকাশের প্রমাণ পাওয়া যায় বলিয়া পণ্ডিতেরা মনে করেন। তাঁহাদের মতে এই বিবর্তনবাদের মাধ্যমেই গাছ-পালা ও জীবের দৈহিক গঠনের সাদৃশ্য ও বৈসাদৃশ্য নির্ণয় করা সম্ভব হয়। তাঁহারা বলেন, নিম্নশ্রেণীর

জীবের সহিত উচ্চশ্রেণীর জীবের এবং নিম্নস্তরের গাছপালার সহিত উচ্চস্তরের গাছপালার তুলনামূলক আলোচনা করিলে উহাদের দৈহিক গঠনের ও বাহ্যিক আকৃতির ক্রমবিকাশ আমাদের কাছে স্পষ্ট হইয়া উঠে। উদাহরণ স্বরূপ বলা যাইতে পারে যে সৃষ্টির উন্নত জীব মানুষের আদিম স্তর সম্পর্কে গবেষণা করিলে বানর জাতীয় এক প্রকার প্রাণীর সহিত ইহার সাদৃশ্য দেখা যায়। গবেষকগণ তাই বানরকেই মানুষের প্রাথমিক অবস্থা বলিয়া মনে করেন। স্তন্যপায়ী জীবের আদিম স্তর সম্বন্ধে গবেষণা করিলে প্রথমে মৎসের সহিত, পরে সরীসৃপের সহিত বেশ সাদৃশ্য উপলব্ধি করা যায়।

আমরা সাধারণভাবে এই বিবর্তনের বা ক্রমবিকাশের গতি উচ্চ হইতে উচ্চতর স্তরের দিকেই লক্ষ্য করি। অবশ্য সর্বক্ষেত্রেই এই বিবর্তন নীতি প্রযোজ্য হইবে বলিয়া আশা করা যায় না। কোন কোন ক্ষেত্রে ইহার ব্যতিক্রম হওয়াও অস্বাভাবিক নয়।

( Darwinism দ্রষ্টব্য )

Evolution, creative ( ইভলিউশান্, ক্রিয়েটি্ভ )—(দঃ) সৃজনী বিবর্তন।

( Creative Evolution ও Bergsonion Philosophy দ্রষ্টব্য )

—, emergent (—ইমার্জেন্ট্ )—(দঃ) উন্মেষী বিবর্তন, অভিনব—।

( Emergent evolution দ্রষ্টব্য )

—Mechanical (—মেকানিক্যাল )—(দঃ) যান্ত্রিক বিবর্তন।

যান্ত্রিক বিবর্তনবাদ অনুসারে বিশ্বজগতের বিবর্তন কোন উদ্দেশ্যের দ্বারা নিয়ন্ত্রিত নয়। এই মতবাদ-অনুসারে জড়, শক্তি, দেশ, কাল, আকর্ষণ (matter, force, space, time, gravitation) প্রভৃতির সাহায্যে কার্যকারণ নিয়মে ( law of causation ) এই জগতের বিবর্তন হইয়াছে ও হইতেছে। টিণ্ডেল ( Tyndell ), হাক্সলি ( Huxley ), স্পেন্সার ( Spencer ) প্রমুখ লেখকগণ এই মতবাদের সমর্থক।

—Theory of-(—থীওরী অব )—(দঃ) বিবর্তনবাদ; অভিব্যক্তিবাদ, ক্রমবিকাশ।

—Teleological (—টিলিও লজিক্যাল )—(দঃ) পরিণতিমূলক বিবর্তন।

এই মতবাদ অনুসারে কেবলমাত্র যান্ত্রিক শক্তির ক্রিয়ার সাহায্যে এই বিশ্বজগতের উৎপত্তি ও বিবর্তনকে ব্যাখ্যা করা যায় না। এই মতবাদের সমর্থকদের মতে জগতের বিভিন্ন বস্তু ও ঘটনার মধ্যে যে পারস্পরিক সামঞ্জস্য রহিয়াছে তাহাতে স্পষ্টই প্রমাণ হয় যে এই জগতকে নিয়ন্ত্রণ করিবার জন্য এক পরম বুদ্ধিময় চেতনা যুক্ত আছেন এবং তিনিই বিবর্তন প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ করিতেছেন। সকল ভাববাদী ( Idealist ) দার্শনিকই এই মতের সমর্থক।

Evolutionery Ethics ( ইভলিউশনারী ইথিক্স্ ) — ( নীঃ ) বিবর্তনীয় নীতিবিদ্যা, বিবর্তনবাদী নীতিশাস্ত্র।

এই নীতি-শাস্ত্র অনুসারে বিবর্তনের ফলে আমাদের নৈতিক মান বা "পরমশুভ"-এর ধারণাও বিবর্তিত হইতে থাকে। হার্বার্ট স্পেন্সার (Herbert Spencer) এই দলের পণ্ডিতদিগের অন্যতম।

Evolutionism ( ইভলিউশানিজম )—বিবর্তনবাদ।

Exacerbation ( এক্সা সারবেশান্ )—উপসর্গ বৃদ্ধি।

Exact ( এগ্জ্যাক্ট্ )—নিশ্চিত, সত্য, যথার্থ।

Exacting ( এগ্জ্যাক্টিং )—বাধ্যকারী।

Exacting cause (—কজ )—বাধ্যকারী কারণ।

Excatness ( এগ্জ্যাক্ট্নেস্ )—(মঃ) যথার্থতা।

Exactly ( এগজ্যাক্ট্লি )—যথার্থ।

Exactitude ( এগ্জাক্টিচ্যুড )—যথার্থতা।

Exaltation ( এগ্জালটেশান্ )—উল্লসন।

Excitability ( এক্সাইটেবিলিটি )—(মঃ) উত্তেজনা প্রবণতা।

Excitement ( এক্সাইট্মেন্ট )—(মঃ) উত্তেজনা, উত্তেজনার কারণ।

Excitation ( এক্সাইটেশান্ )—বাহ্য সংবেদন, উত্তেজনা।

Excluded middle ( এক্সক্লুডেড্ মিডল্ )—(যুঃ) নির্মধ্যম।

— —, Law of ( — — ল-অব )—(যুঃ) নির্মধ্যম নিয়ম,

ইহা চিন্তার একটি মৌলিক নিয়ম। এই নিয়মটিকে নিম্নোক্তভাবে বর্ণনা করা যায়। ক হয় খ অথবা না-খ ; কোন বাক্য হয় সত্য অথবা মিথ্যা।

Exciting cause ( এক্সাইটিং কজ )—উত্তেজক কারণ।

Exclusive particularity (এক্সক্লুসিভ্ পার্টিকিউলারিটি)—নির্বাচিত স্বাতন্ত্র্য।

—, fallacy of (— ফ্যাল্যাসি অব )—নির্বাচিত-স্বাতন্ত্র্য-দোষ।

Exemplification ( একজেম্প্লিফিকেশান্ )—অনুলিপি, দৃষ্টান্ত-প্রদর্শন।

Exercise ( এক্সারসাইজ )—চর্চ্চা, প্রয়োগ করা।

Exhaustion ( এগ্জস্শান্ )—নিরতিশয় ক্লান্তি ; ক্ষয়।

Exhibitionism ( এগ্জিবিশনিজম্ )—(মঃ) প্রদর্শন বাতিক।

Existence ( এগ্জিটেন্স্ )—অস্তিত্ব।

Existent ( এগ্জিস্টেণ্ট )—বর্ত্তমান ; স্থায়ী ; অস্তিত্বশীল।

Existentiatism ( এগ্জিস্টেন্সিয়ালিজম )—সত্তাবাদ, ব্যাক্ত সত্তাবাদ।
( Existential philosophy দ্রষ্টব্য )

Existential import ( এগ্জিস্টেম্সিয়াল ইমপোর্ট )—সত্তামূলক নিহিতার্থ, সত্তামূলক তাৎপর্য।

— philosophy (— ফিলোজফি )—ব্যক্তিসত্তাবাদী দর্শন।

এই মতবাদ অনুসারে ব্যক্তি-নিরপেক্ষ কোন সার্বজনীন দর্শন হইতে পারে না। এই মতবাদে সামাজিক, জাতীয় ও আন্তর্জাতিক শান্তি ও উন্নতির জন্য প্রথম পদক্ষেপ হিসাবে ব্যক্তিকেই পূর্ণ মর্যাদা দিতে হইবে।

— proposition ( — প্রোপোজিশান্ )—সত্তামূলক যৌক্তিক বাক্য।

— Psychology (— সাইকলজি )—(মঃ) সত্তাবাদী মনোবিদ্যা।

— quantifier (— কোয়াণ্টিফায়ার )—সত্তামূলক পরিমাপক।

Exogamy ( এক্সোগ্যামী )—বিগোত্র বিবাহ।

Exoteric ( এক্সোটারিক )—প্রকাশ্য।

Expansion ( এক্সপ্যানশান —প্রসারণ, অসীমতা, বিস্তৃতি।

Expectation ( এক্স্পেক্টেশান্ ) —আশা, আকাঙ্খা।

Experience ( এক্‌স্‌পেরিয়েন্স )—অভিজ্ঞতা।

—, pure ( —, পিওর )—বিশুদ্ধ অভিজ্ঞতা।

Experiencing person ( এক্‌স্‌পেরিয়েন্‌সিং পারস্‌ন )—অভিজ্ঞাতা।

Experientialism ( এক্‌স্‌পেরিয়েন্‌সিয়ালিজ্‌ম )—(দঃ) অভিজ্ঞতাবাদ।

এই মতবাদে একমাত্র মূর্ত অভিজ্ঞতাকেই সত্যের যথাযথ উৎস বলিয়া মনে করা হয়।

Experiment ( এক্‌স্‌পেরিমেন্ট্‌ )—পরীক্ষণ, প্রয়োগ।

Experimental ( এক্‌স্‌পেরিমেন্ট্‌াল )—প্রায়োগিক।

— investigation ( — ইন্‌ভেসটিগেশান্‌ )—প্রায়োগিক অনুসন্ধান।

— method ( — মেথাড )—পরীক্ষণ পদ্ধতি, প্রায়োগিক পদ্ধতি।

(সাঃ বিঃ) নিয়ন্ত্রাধীন অবস্থায় বৈজ্ঞানিক প্রয়োজনে কোন কিছু উৎপন্ন করিয়া উহাকে নিরীক্ষণ করার নাম হইল পরীক্ষণ পদ্ধতি বা প্রায়োগিক পদ্ধতি।

(মঃ) নিয়ন্ত্রাধীন অবস্থায় কোন মানস বৃত্তিকে উৎপন্ন করিয়া উহা নিরীক্ষণ করাকে মনোবিদ্যায় প্রায়োগিক পদ্ধতি বলা হয়।

(যুঃ) কার্যকারণ সম্বন্ধ নির্ণয় করার জন্য বিজ্ঞানী যে সকল পদ্ধতি ব্যবহার করেন, তাহাদেরকে প্রায়োগিক বা পরীক্ষণ পদ্ধতি বলা হয়। যুক্তিবিদ্যায় এই পদ্ধতিগুলির অন্য নাম হইল আরোহী পদ্ধতি (Inductive Method)। যুক্তিবিদ মিল (Mill) দেখাইয়াছেন যে এই পদ্ধতি নিম্নোক্ত পাঁচ প্রকারের হইতে পারে ; (১) অন্বয়ী পদ্ধতি (Method of Agreement), (২) ব্যতিরেকী পদ্ধতি (Method of Difference), (৩) অন্বয়-ব্যতিরেকী পদ্ধতি (Joint Method of Agreement and Difference), (৪) সহ পরিবর্তন পদ্ধতি (Method of Con-comitant Variations) ও (৫) পরিশেষ পদ্ধতি (Method of Residucs)।

— Psychology ( — সাইকোলজি )—(মঃ) পরীক্ষণ মনোবিদ্যা।

— Sciences ( — সায়েন্সেস্‌ )—পরীক্ষণ বিজ্ঞান।

Experimenter ( এক্‌স্‌পেরিমেন্টার )—পরীক্ষক ; পরীক্ষাকারী।

**Experimentalism** ( এক্স্‌পেরিমেন্টালিজম্‌ )—পরীক্ষণবাদ, প্রয়োগবাদ।

**Experimentum crucis** ( এক্স্‌পেরিমেন্টাম্‌ ক্রুসিস্‌ )—(যুঃ) চরম পরীক্ষণ। ( Crucial Experiment দ্রষ্টব্য )।

**Explanation** ( এক্স্‌প্লানেশান্‌ )—(যুঃ) ব্যাখ্যা।

যাহাকে দুর্বোধ্য বলিয়া মনে হয় তাহাকে স্পষ্ট ও সহজবোধ্য ভাবে প্রকাশ করার নামই হইল ব্যাখ্যাকরণ। বৈজ্ঞানিকভাবে কোন ঘটনাকে ব্যাখ্যা করিতে হইলে তাহার কার্যকারণ-সম্বন্ধ নির্ণয় করিতে হয়। এই কার্যকারণ-সম্বন্ধ-নির্ণয় বিশ্লেষণ ( Analysis ), শৃঙ্খলযোজন বা প্রক্ষেপ (Concatenation or Interpolation—) বা অন্তর্ভুক্তির (Subsumption)-এর মাধ্যমে করা যাইতে পারে।

**Explanatory hypothesis** ( এক্স্‌প্লানেটারি হাইপথেসিস্‌ )—(যুঃ) ব্যাখ্যাকারী প্রকল্প।

বিজ্ঞানসম্মত সঙ্গত প্রকল্পের অভাবে যখন কোন ঘটনাকে ব্যাখ্যা করার জন্য একটি কাজ-চালানো-গোছের প্রকল্প গ্রহণ করা হয়, তখন ঐ প্রকল্পকে ব্যাখ্যাকারী প্রকল্প বলা হয়।

**Explication** ( এক্স্‌প্লিকেশান্‌ )—ব্যাখ্যা, বিশ্লেষণ।

**Explicative Judgment** ( এক্‌স্‌প্লিকেটিভ্‌ জাজমেণ্ট্‌ )—(যুঃ) ব্যাখ্যামূলক মানসবাক্য, ব্যাখ্যামূলক বাক্য, বিশ্লেষণ বাক্য, বিশ্লেষক বাক্য।

যে বাক্যের বিধেয় (Predicate) তাহার উদ্দেশ্যের (Subject) জাত্যার্থ (Connotation) বা তাহার অংশ বিবৃত করে, উদ্দেশ্য সম্বন্ধে নতুন কোন সত্য প্রদান করে না, তাহাকে ব্যাখ্যামূলক বা বিশ্লেষক বাক্য বলে। এইরূপ বাক্যের ইংরেজী অন্য নাম হইল Verbal বা Analytic বাক্য।

**Explicit** ( এক্স্‌প্লিসিট )—সুব্যক্ত ; স্পষ্ট।

**Exploratory** ( এক্স্‌প্লোরেটরি )—অনুসন্ধানী।

Exponible ( এক্‌স্‌পোনিব্‌ল্‌ )—অস্পষ্ট।

— proposition ( — প্রোপোজিশান্‌ )—(যুঃ) অস্পষ্ট বাক্য।

— sentence ( — সেণ্টেন্স ) — —।

সাধারণ অর্থে যে কোন অস্পষ্ট বাক্যকে Exponible বলা হয়। অবশ্য অনেক যুক্তিবিদ যে-সকল সদর্থক বাক্যের মধ্যে আংশিক নঞর্থক বাক্য লুকায়িত থাকে তাহাকেই Exponible আখ্যা দিয়া থাকেন।

Exportation ( এক্‌স্‌পোর্টেশান্‌ )—নির্গমন, রপ্তানিকরণ।

Exposition ( এক্‌স্‌পোজিশান্‌ )—প্রদর্শন, ব্যাখ্যা।

Expression ( এক্‌স্‌প্রেশান্‌ )—প্রকাশ, মতপ্রকাশ।

Expressionism ( এক্‌স্‌প্রেশানিজম্‌ )—প্রকাশবাদ।

প্রকাশবাদ কান্তিবিদ্যার মতবিশেষ। এই মতে সমস্ত কলা-কুশলের উদ্দেশ্য হইল মানুষের মনের ধারণা, আবেগবোধ ইত্যাদিকে সুষ্ঠুভাবে প্রকাশ করা বা বহির্জগতে তুলিয়া ধরা। এই মতবাদীরা আরও মনে করেন যে শিল্পীর মন বা ধারণাই শিল্পের ভিত্তি।

Expressive meaning ( এক্‌স্‌প্রেসিভ্‌ মিনিং )—সুপ্রকাশিত অর্থ।

Extensibility ( এক্‌স্‌টেন্‌সিবিলিটি )—প্রসারণীয়।

Extension ( এক্‌স্‌টেন্‌সন )—প্রসারণ, ব্যক্ত্যর্থ।

Extensionality ( এক্‌স্‌টেনসন্যালিটি )—প্রসারণীতা।

Extensity ( এক্‌স্‌টেন্‌সিটি )—ব্যাপ্তি, ব্যাপকতা, প্রসারতা।

Exterior ( এক্‌স্‌টেরিয়র্‌ )—বহির্ভূত, বহির্ভাগ।

Exteriority ( এক্‌স্‌টেরিয়রিটি )—বহির্ভাব।

External ( এক্‌স্‌টারন্যাল্‌ )—বাহ্যিক, বহির্ভাগ।

— envrironment ( — এম্‌ভায়রনমেণ্ট )—(মঃ; বাহ্যিক পরিবেশ।

— reference ( — রেফারেন্স্‌ )—বহিরুল্লেখ।

— relation ( — রিলেশান্‌ )—বহিসম্পর্ক ; বহিসম্বন্ধ।

— response ( — রেস্‌পন্‌স্‌ ) —(মঃ) বহিঃসাড়া।

— sense ( — সেন্স )—বাহ্য ইন্দ্রিয়, বাহ্যেন্দ্রিয়।

শরীরের যে সকল ইন্দ্রিয়ের মাধ্যমে বহির্জগতের জ্ঞান লাভ করা যায়, তাহাকে বাহ্যইন্দ্রিয় বলে। বাহ্যইন্দ্রিয় পাঁচটি : চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক।

— World ( — ওয়ার্ল্‌ড্‌ ) – বহির্বিশ্ব, বহির্জগত।

Externaligation ( এক্‌স্‌টারনালাইজেশান্‌ ) —বহির্ভূত করণ।

Externalized ( এক্‌স্‌টারনালাইজ্‌ড্‌ )—বহির্ভূত কৃত।

Exteroceptor ( এক্‌স্‌টারোসেপ্‌টর )—বাহ্যেন্দ্রিয়।

Extirpation ( এক্‌স্‌টারপেশান্‌ )—বিনাশ ; মূলোৎপাটন।

Extinction ( এক্‌স্‌টিংক্‌শান )— — ; —।

Extramental ( এক্‌স্‌ট্রামেন্টা্‌ল )—(দঃ) মানস-বহির্ভূত।

Extrospection ( এক্‌স্‌ট্রোস্‌পেক্‌শান্‌ )—(মঃ) বহির্দৃষ্টি।

Extrospectral ( একট্রোস্‌পেক্‌ট্রাল )—(মঃ) বহির্দৃষ্টি সংক্রান্ত।

Extrospecteve situation ( এক্‌স্‌ট্রোস্‌পেক্‌টি্‌ভ সিটুয়েশান্‌ )—বহির্দৃষ্টির অবস্থা।

Extrinsic ( এক্‌স্‌ট্রি্‌ন্‌সিক্‌ )—বাহ্য, ভিন্নজাতীয়।

Extroversion ( এক্‌স্‌ট্রোভারসান্‌ ) —(মঃ) বহির্মুখিতা, বহির্বৃত্তি।

Extrovert ( এক্‌স্‌ট্রোভার্ট্‌ ) —(মঃ) বহির্বৃত, বহির্মুখ।

মনোবিজ্ঞানী যুঙ্গ (C. G. Jung) ব্যক্তিত্বের শ্রেণীবিভাগ করিতে প্রথম দুইটি প্রধান শ্রেণীর উল্লেখ করেন—অন্তর্বৃত (Introvert) ও বহির্বৃত ( Extrovert )। অন্তর্বৃত ব্যক্তির দৃষ্টিভঙ্গি আত্মকেন্দ্রিক ও অন্তঃদর্শনমূলক ; অপরপক্ষে বহির্বৃত ব্যক্তির দৃষ্টিভঙ্গি বহিঃকেন্দ্রিক ও বহিঃদৃষ্টিক। বহির্বৃত ব্যাক্তি বহির্বিশ্বের কর্মকোলাহলে অংশ গ্রহণ করিয়া আরও পাঁচজনের ভালোমন্দ বা সুখদুঃখের সহিত নিজেকে জড়িত রাখিতে চায়।

Extrojection ( এক্‌স্‌ট্রোজেক্‌শান্‌ )—বাহ্যিক রূপ।

Eye ( আই )—চক্ষু ; চোখ।

— ball ( — বল্‌ )—অক্ষিগোলক।

— lid ( — লিড )—অক্ষিপল্লব।

— socket ( — সকেট্‌ )অক্ষিগহ্বর ; চক্ষুর কোটর।